

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড,  
বরিশাল

বিষয় ও শাখা পরিবর্তনের বিজ্ঞপ্তি

স্মারক নং - বশিবো/ কলেজ/ অনু:২০২১/২৯

তারিখ: ১৪.০১.২০২১

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল এর আওতাধীন উচ্চমাধ্যমিক বিদ্যালয় এবং কলেজের প্রধান শিক্ষক ও অধ্যক্ষ মহোদয়কে জানানো যাচ্ছে যে, উচ্চমাধ্যমিক একাদশ শ্রেণির (২০২০-২০২১) শিক্ষার্থীদের বিষয় ও শাখা পরিবর্তনের জন্য নিম্নোক্ত পদ্ধতিতে আবেদন করতে হবে -

০১. শিক্ষার্থী সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ বারবার আবেদন করবে। সেই আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট অধ্যক্ষ মহোদয় একটি বিবরণী প্রস্তুত করবেন। যে বিবরণীতে নিম্নোক্ত তথ্য উল্লেখ থাকতে হবে- শিক্ষার্থীর এসএস সি রোল ও রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবর্ষ, একাদশ শ্রেণির ক্লাস রোল এবং বর্তমান বিষয়/শাখা ও পরিবর্তিত বিষয়/শাখা।
  ০২. কলেজে পাঠদানের অনুমতিপ্রাপ্ত বিষয় ও শাখার মধ্যেই কেবল পরিবর্তনের আবেদন করতে হবে। অর্থাৎ যে কলেজে যে বিষয় ও শাখায় পাঠদান করানো হয় সে বিষয় ও শাখা পরিবর্তনের জন্য আবেদন করা যাবে।
  ০৩. শাখা পরিবর্তনের ক্ষেত্রে কলেজের অধ্যক্ষ মহোদয়গণকে অবশ্যই নিশ্চিত করেত হবে যে, শিক্ষার্থীর আবেদিত শাখায় আসন খালী আছে। আসন খালী না থাকলে সে আবেদন কলেজের অধ্যক্ষ মহোদয় প্রেরণ করবেন না।
  ০৪. শাখা পরিবর্তনের ক্ষেত্রে বিজ্ঞান শাখা থেকে যে কোন শাখায় পরিবর্তনের জন্য আবেদন করা যাবে। কিন্তু অন্য কোন শাখা থেকে বিজ্ঞান শাখায় শাখা পরিবর্তনের জন্য আবেদন করা যাবে না।
  ০৫. আগামী ১৭.০১.২০২১ থেকে ২৮.০১.২০২১ এর মধ্যে শিক্ষাবোর্ডের কলেজ পারিদর্শকের দপ্তরে উল্লিখিত আবেদন জমা দিতে হবে। পরবর্তীতে ১০.০২.২০২১ থেকে ১৫.০২.২০২১ পর্যন্ত বিষয়/শাখা পরিবর্তনের প্যানেল ওপেন থাকবে। যদি কোন কলেজের কোন প্রকার সংশোধনের প্রয়োজন হয়, তাহলে উল্লিখিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষকে সংশোধনের জন্য আবেদন করতে হবে।
  ০৬. বিষয় এবং শাখা পরিবর্তনের ক্ষেত্রে শিক্ষার্থীপ্রতি যথাক্রমে - ৫০০/(পাঁচশত) এবং ১০০০/(একহাজার) টাকার পি.ও বরিশাল শিক্ষাবোর্ডের সোনালী ব্যাংকের বুথে জমা দিতে হবে।
- উল্লেখ্য, গত শিক্ষাবর্ষে (২০১৯-২০২০) অন-লাইনের মাধ্যমে বিষয়/শাখা পরিবর্তনের আবেদন চাওয়া হয়েছিল কিন্তু অনেক কলেজ সে সময় আবেদনে এমন কিছু ভুল করেছিল, যার কারণে পরবর্তীতে শিক্ষার্থীকে অনেক সমস্যায় পরতে হয়েছে। বিষয়টি সঠিকভাবে বিবেচনা করে এবারের আবেদন করার জন্য অধ্যক্ষ মহোদয়গণকে অনুরোধ করা হলো। যে সকল শিক্ষার্থী ম্যানুয়াল পদ্ধতিতে ভর্তি হয়েছে - তাদের বিষয় শাখা পরিবর্তনের বিষয়টি পরবর্তী বিজ্ঞপ্তিতে জানানো হবে।

  
১৪.০১.২০২১

ড. মো: লিয়াকত হোসেন  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড  
বরিশাল।